

## বিশ্ব পরিবেশ দিবস-২০১৭ উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত



৫ জুন 'বিশ্ব পরিবেশ দিবস-২০১৭' উপলক্ষে 'প্রকৃতির সঙ্গে মানুষের সংযোগ' (Connecting People to Nature) স্লোগানকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের উদ্যোগে এক সেমিনার আজ (৩০ জুলাই ২০১৭, রবিবার, সকাল ১১টায়) কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মল্লিক আকরাম-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া এবং ইনসিওর ল্যান্ডমার্ক লিঃ, ঢাকা-এর ম্যানেজিং ডিরেক্টর শরিফ উদ্দিন আহমেদ। আলোচনা সভায় 'Environmental Activism and Youth' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)-এর সদস্য-সচিব স্থপতি মোঃ ইকবাল হাবিব।

এছাড়াও আলোচনায় অংশগ্রহণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. নুরুল ইসলাম নাজেম। অনুষ্ঠানে ভূগোল ও পরিবেশ বিভাগের সহকারী অধ্যাপক নিগার সুলতানা এবং প্রভাষক শাহানা সুলতানা-এর সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহযোগী অধ্যাপক সৈয়দা ইসরাত নাজিয়া এবং ধন্যবাদ জ্ঞাপন করেন সহকারী অধ্যাপক নাজমুন নাহার।

উল্লেখ্য, বিশ্ব পরিবেশ দিবস-২০১৭ উপলক্ষে ২৫ জুলাই ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া তিন দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানের প্রথমদিন (২৫ জুলাই) র্য়ালি, বৃক্ষ রোপন কর্মসূচি, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং দ্বিতীয় দিন (২৭ জুলাই) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে আলোকচিত্র প্রদর্শনী, প্রবন্ধ উপস্থাপন ও প্রজেক্ট থিম-এর আয়োজন করা হয়। পুরানো ঢাকার স্বনামধন্য স্কুলের শিক্ষার্থীরা কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান আজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।